

## নামাযের দাে আ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ সপ্তমঃ আত্তাহিয়্যাতু-দর্নদের পর সালামের পূর্ব মুহূর্তের দো'আ রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ আব্দুর রব্ব আফফান

আত্তাহিয়্যাতু-দর্নদের পর সালামের পূর্ব মুহূর্তের দো'আ কি কি

«اللهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ جَهَنَّمَ، وَمِنْ عَذَابِ الْقَبْرِ، وَمِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ، وَمِنْ شَرِّ فِتْنَةِ الْمَسيِحِ الدَّجَّال»

উচ্চারণ: আল্লাহুম্মা ইন্নী আ'উযুবিকা মিন আযাবি জাহান্নাম ওয়া মিন আযাবিল ক্বাবরি ওয়ামিন ফিতনাতিল মাহইয়া-ওয়াল মামাত ওয়া মিন শাররি ফিতনাতিল মাসীহিদ্ দাজ্জাল। (বুখারী-মুসলিম)

অর্থ: হে আল্লাহ! আমি জাহান্নাম ও কবরের আযাব হতে তোমার নিকট আশ্রয় কামনা করছি এবং আশ্রয় কামনা করছি জীবিত অবস্থার ও মৃত্যুর ফিতনা হতে এবং মসীহ দাজ্জালের অনিষ্টকর ফিতনা থেকে।
অন্য বর্ণনায় বেশি রয়েছেঃ

اللهم إني أغوذ بك من المأثم والمغرم (رواه البخاري ومسلم)

উচ্চারণ: "আল্লাহুম্মা ইন্নী আউযুবিকা মিনাল মা-সামি ওয়াল মাগরামি"

অর্থ: হে আল্লাহ! আমি তোমার নিকট আশ্রয় কামনা করছি পাপকর্ম ও ঋণ থেকে।

اللهم إني ظلمت نفسي ظلما كثيرا ولا يغفر الذنوب إلا أنت فاغفرلي مغفرة من عندك وارحمني إنّك أنت الغفور الرحيم"

উচ্চারণ: আল্লাহ্মা ইন্নী যালামতু নাফসী যুলমান কাসীরান, ওয়ালা ইয়াগফিরুয্যুনূবা ইল্লা আন্তা, ফাগফিরলী মাগফিরাতাম মিন 'ইনদিকা, ওয়ার হামনী ইন্নাকা আন্তাল গাফুরুর রহীম।

অর্থ: হে আল্লাহ! আমি নিজের উপর অনেক জুলুম করেছি, আর তুমি ব্যতীত গুনাহ খাতা কেউ ক্ষমাকারী নেই। অতএব তুমি নিজ গুণে আমাকে ক্ষমা করে দাও এবং আমার প্রতি রহম কর কেননা তুমি অতিশয় ক্ষমাশীল ও দয়ালু।

«اللهم اغفرلي ما قدمت، وما أخّرت، وما أسررت، وما أعلنت، وما أسرفت، وما أنت أعلم به مني ـ أنت المقدم، وأنت المؤخر لا إله إلا أنت» (رواه مسلم)

উচ্চারণ: আল্লা-হুম্মাগফিরলী মা কাদামতু অমা আখখারতু, অমা আসরারতু অমা আ'লানতু, অমা আসরাফতু, অমা আনতা আ'লামু বিহী মিন্নী; আনতাল মুকাদিমু ওয়া আনতাল মুআখখিক, লা ইলা-হা ইল্লা আনতা' । (মুসলিম)

অর্থ: হে আল্লাহ! তুমি আমার সকল গুনাহখাতা ক্ষমা করে দাও যা পূর্বে ও পরে, গোপনে ও প্রকাশ্যে করেছি, যা সীমা লজ্যনজনিত গুনাহ এবং যে সম্পর্কে তুমি আমার চেয়ে অধিক জ্ঞাত। তুমি যা চাও অগ্রগামী কর ও যা চাও পশ্চাতে নিয়ে যাও আর তুমি ব্যতীত প্রকৃত মা'বূদ বা উপাস্য নেই।



«اللهم إني أعوذ بك من البخل، وأعوذ بك من الجبن، وأعوذ بك أن أرد إلى ارذل العمر، وأعوذ بك من فتنة الدنيا وعذاب القبر» (رواه البخاري)

উচ্চারণ: আল্লাহুম্মা ইন্নি আ'উযুবিকা মিনাল বুখলি, ওয়া আ'উযুবিকা মিনাল জুবনি, ওয়া আ'উযুবিকা আন উরাদ্দা ইলা আরযালিল উমরে, ওয়া ফিতনাতিদ দুনিয়া ওয়া আ'উযু বিকা মিন আযবিল কাবরি। (বুখারী)

অর্থ: হে আল্লাহ! আমি আপনার নিকটে আশ্রয় চাই কৃপণতা, কাপুরুষতা ও আশ্রয় চাই চরম বার্ধক্যে উপনীত হয়ে যাওয়ার এবং আপনার নিকট আশ্রয় চাই পৃথিবীর ফিতনা থেকে ও কবরের আযাব হতে।

«اللهم أعني على ذكرك، وشكرك، وحسن عبادتك» (رواه أبو داؤد والنسائي)

উচ্চারণ: আল্লাহ্ম্মা আয়িন্ধী 'আলা যিকরিকা ওয়া শুকরিকা ওয়া হুসনি ইবাদাতিকা। (আবু দাউদ-নাসায়ী) অর্থ: হে আল্লাহ! আমাকে তোমার যিকর ও শুকরিয়া জ্ঞাপন এবং উত্তমরূপে ইবাদত করার তাওফীক দাও।

«اللهم إني أسألك الجنة وأعوذ بك من النار» (رواه إبن ماجه وأبو داود)

উচ্চারণ: আল্লাহুম্মা ইন্নী আসআলুকাল জান্নাতা ওয়া আ'উযুবিকা মিনান্নার। (ইবনে মাজাহ - আবু দাউদ) অর্থ: হে আল্লাহ! আমি তোমার নিকটে জান্নাত প্রার্থনা করছি এবং জাহান্নাম থেকে আশ্রয় চাচ্ছি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1397

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন